

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
শ্রীনগর, মুন্সীগঞ্জ।


স্মারক নং- ৩১.১৫.৫৯৮৪.০০০.৯৯.০০৭.২৩-৭৮৫

তারিখঃ ০৬/১১/২৩ খ্রি.

“গণবিজ্ঞপ্তি”

এতদ্বারা শ্রীনগর উপজেলার সম্মানিত ভূমি মালিকগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যে সকল ভূমি মালিকগণের ভূমি উন্নয়ন কর বা জমির খাজনা বকেয়া রয়েছে তাদেরকে হালসন পর্যন্ত ভূমি উন্নয়ন কর পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো। যে সকল ভূমির মালিকগণ ভূমি উন্নয়ন কর বা খাজনা পরিশোধ করেননি তাদেরকে অতিসত্বর অনলাইনে হাল সন পর্যন্ত ভূমি উন্নয়ন কর বা খাজনা পরিশোধ করার জন্য বলা হলো (কোন কারনে অনলাইনে খাজনা পরিশোধ পদ্ধতি বোধগম্য না হলে স্ব স্ব ইউনিয়ন ভূমি অফিস হতে পরামর্শ গ্রহণ করা যাবে)। অন্যথায় সরকারী দাবী আদায়ের স্বার্থে অনাদায়ী বকেয়া ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ এর বিধান মোতাবেক ভূমির মালিকদের বিরুদ্ধে রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করা হবে এবং যে সকল ভূমির মালিকের ০৩ (তিন) বছরের উর্কে ভূমি উন্নয়ন কর বকেয়া রয়েছে তাদের সম্পত্তি রাষ্ট্রীয় অধিগ্রহণ প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ৯২ ধারা মোতাবেক খাসকরণসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

জনস্বার্থে বিজ্ঞপ্তি জারি করা হলো।


(সাফফাচ্চ অফিস সাজিদ)
সহকারী কমিশনার (ভূমি)
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।

০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), মুন্সীগঞ্জ।

০৩। উপজেলা নির্বাহী অফিসার ও জেনারেল সার্টিফিকেট অফিসার, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

০৪। রেভিনিউ ডেপুটি কালেক্টর, মুন্সীগঞ্জ।

০৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/উপ-সহকারী কর্মকর্তা..... ইউনিয়ন ভূমি অফিস, শ্রীনগর, মুন্সীগঞ্জ (গণবিজ্ঞপ্তি স্ব স্ব অফিসে দৃশ্যমান স্থানে প্রদর্শনের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য বলা হলো)।

০৬। অফিস কপি।